দৈনিক বাংলা

তারিখ 0 3 APR 1993

পৃষ্ঠা ৭ কলাম ৪

### ঢাকা ভার্সিটি কেন্দ্রে দেরীতে শুরু

# ময়মনসিংহে মেডিক্যাল ভর্তি পরীক্ষা স্থগিত ঃ কয়েকটি হলে ভাংচুর

স্টাফ রিপোর্টার ঃ মেডিক্যাল কলেজের ভর্তি পরীক্ষা গতকাল (শুক্রবার) অনুষ্ঠিত হয়। নতুন পাঁচটি মেডিক্যাল কলেজসহ ১৩টি মেডিক্যাল কলেজে ১৩২৫টি আসনের বিপরীতে প্রায় ১২ হাজার ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় কলাভবনে ভর্তি পরীক্ষা শুরু হয় নির্ধারিত সময়ের প্রায় পৌনে এক ঘন্টা পর। এক ঘন্টা বিশ মিনিটের এই লিখিত পরীক্ষা শুরু হওয়ার নির্ধারিত সময় ছিল সকাল নয়টা। কিন্তু পরীক্ষা শুরু হয় পৌনে দশটার দিকে। পরীক্ষার্থীর তুলনায় এ কেন্দ্রে কম প্রশ্নপত্র পৌছায় পরীক্ষা শুরু হতে বিলম্ব হয়। এ সময় কেন্দ্রে হট্টগোল হয়। এব্যাপারে কর্তৃপক্ষ কোন ব্যাখ্যা দেননি। এ ব্যাপারে বক্তব্য জানার জন্য গতরাতে চেষ্টা করেও সংশ্লিষ্ট কাউকে পাওয়া যায়নি।

আমাদের ময়মনসিংহ রিপোর্টার জানান, ময়মনসিংহ মেডিক্যাল কলেজে এমবিবিএস ভর্তি পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। ভর্তি পরীক্ষার উত্তরপত্র কম পড়ায় ছাত্রদের মধ্যে উত্তেজনা দেখা দিলে কর্তৃপক্ষ এই সিদ্ধান্ত নেন।

আজ সকাল ৯টায় ২১টি হলে এমবিবিএস ভর্তি পরীক্ষা শুরু হয়। ৭টি হলে যথারীতি প্রশ্ন ও উত্তরপত্র সরবরাহ করা হয় এবং পরীক্ষা সম্পন্ন হয়। কিন্তু ১৪টি হলে উত্তরপত্র কম পড়ে। এ সময় কলেজ কর্তৃপক্ষ সাই ক্লাষ্টাইল করে উত্তরপত্র সরবরাহ করার চেষ্টা করেন। এ নিয়ে ছাত্রদের মধ্যে উত্তেজনা দেখা দেয়। উত্তেজিত ছাত্ররা কয়েকটি হলে আসবাবপত্র ভাংচুর করে। কলেজের একাডেমিক কাউন্সিল এক জরুরী সভায় মিলিত হয়ে

(আটের পাতায় ২-এর কঃ দ্রঃ)

### ময়মনসিংহে মেডিক্যাল

(প্রথম পাতার পর)

পরীক্ষা স্থগিত ঘোষণা করে।

উল্লেখ্য, ময়মনসিংহ মেডিক্যাল কলেজে এবার ১২৫টি আসনের জন্য ৯১৬ জন ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নেয়।